# নীলা ইস্রাফিলের অভিযোগের জবাবে যা বললেন এনসিপি নেতা সরোয়ার তুষার



সংগৃহীত ছবি

নীলা ইস্রাফিল হাসপাতালের ভর্তি ফরমের তথ্য বিকৃত করে প্রচার করছে বলে অভিযোগ করেছেন এনসিপির যুগ্ম আহ্বায়ক সরোয়ার তুষার।তিনি নীলা ইস্রাফিলের অভিযোগের জবাবে শনিবার রাতে নিজের সামাজিক যোগাযোগমাধ্যমে আত্মপক্ষ সমর্থন করে দেওয়া এক পোস্টে এ দাবি করেন তিনি

পোস্টে সরোয়ার তুষার জানান, নীলা ইস্রাফিল মাথায় আঘাতপ্রাপ্ত অবস্থায় তাদের অফিসে এলে তারা পুলিশকে খবর দেন এবং পরিচিত মানবাধিকার কর্মী লেনিনকেও ডাকেন। পরে পুলিশের উপস্থিতিতে লেনিনের সহযোগিতায় নীলাকে হাসপাতালে ভর্তি করা হয়।

তুষার লিখেছেন, ভর্তি প্রক্রিয়ার সময় ইন্টার্ন ডাক্তাররা ফরম পূরণ করেন। "সেই মুহূর্তে ফরমে কী লেখা হচ্ছে তা খেয়াল করার সুযোগ ছিল না। কিন্তু এখন দেখা যাচ্ছে, ফরমের 'Care of (C/O)' অংশটি লাল দাগ দিয়ে ঢেকে সামাজিক যোগাযোগমাধ্যমে প্রচার করা হচ্ছে—যেন আমি স্বামীর জায়গায় নিজের নাম লিখেছি। আমি কি পাগল? বাটপারির একটা সীমা থাকা দরকার!"—যোগ করেন তিনি।

LENS ASIA

হাসপাতালের প্রচলিত নিয়ম ব্যাখ্যা করে তিনি আরও বলেন, রোগীর স্বামী বা পিতার নাম অজানা থাকলে, অথবা রোগী অচেতন অবস্থায় এলে, ভর্তি করানো ব্যক্তির নাম 'Care of' ঘরে লেখা হয়। এটি স্বাভাবিক ও বহুল প্রচলিত প্রক্রিয়া, যা উদ্দেশ্যপ্রণোদিতভাবে বিকৃত করা হচ্ছে।

সরোয়ার তুষার এই ধরনের 'প্রতারণা ও বাটপারি' বন্ধের আহ্বান জানান।

প্রেক্ষাপট হিসেবে, এর আগে নীলা ইস্রাফিল নিজের সামাজিক যোগাযোগমাধ্যমে অভিযোগ করেন যে হাসপাতালে ভর্তি ফরমে স্বামীর জায়গায় সরোয়ার তুষার তার নিজের নাম দিয়েছেন, যা তার জন্য অত্যন্ত অবমাননাকর এবং শাস্তিযোগ্য অপরাধ।